আর সেই সময় থেকে

এখানে ফিরে আসা, এবং পালক ভাইয়ের কাছ থেকে, ওনার ছোট্ট মেয়েটির সঙ্গে, ঈশ্বরের অনুগ্রহের সম্বন্ধে সাক্ষ্যটি শোনা নিশ্চয়ই খুবই ভালো ব্যাপার। এই রকম কাজ করাটি, ঠিক প্রভু যীশুর মত। নিশ্চিত ভাবে।

2 এখন, আমরা খুবই আনন্দিত, আজ রাতে, ভাই আর্নি ফ্যানডলার, আমার এক খুব ভালো বন্ধু, এই নববর্ষের রাতের প্রার্থনা সভাতে, অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য, তিনি একজন অনুগ্রহের পুরস্কার স্বরূপ, এবং প্রভু যীশু খ্রীষ্টকে গ্রহণ করেছেন। তিনি সুইজারল্যান্ডের বাসিন্দা, এবং সেখান থেকে এখানে এসেছেন। আর আমি বিশ্বাস করি, ওনার সঙ্গে আরেকজন ভাই সেখানে আছেন, ভাই ওয়াটার্স, জার্মান বংশোদ্ভূত, এখন ওনারা সাওয়ানোতে বসবাস করছেন। আজ রাতে ওনাদেরকে আমাদের সঙ্গে পেয়ে আমরা আনন্দিত।

3 আজ রাতে, আমাদের সঙ্গে আরো এক—একজন মূল্যবান বিশ্বাসী ভাই উপস্থিত আছেন, দক্ষিণ আফ্রিকা থেকে, ভাই ডেভিড ডুপ্লেসিস। আমরা ওনাকে এখানে পেয়ে খুবই আনন্দিত। ভাই ডেভিড এবং আমি, ঈশ্বরের কাছে, আমরা—আমরা আশা রাখছি, ও প্রার্থনা করছি, আগামী বছর তিনি আমাদের মাধ্যমে, আফ্রিকাতে এবং পৃথিবীর অন্যান্য অংশে কিছু মহৎ কাজ করবেন। আমরা আফ্রিকা—আফ্রিকাতে এবং পৃথিবীর অন্যান্য অংশে, কখন এবং কোথায় যাবো তা নির্ণয় করতে, এখন ও সোমবারের মধ্যে ভাই ডেভিড আপনাদের সঙ্গে কথা বলবেন ও প্রার্থনা করবেন। যেহেতু, ভাই ডেভিড বিশ্ব পেন্টিকোস্টাল সম্মেলনের এক প্রমুখ কর্মকর্তা ছিলেন, এবং সারা বিশ্বের মহৎ ধর্মীয় গুরুদের সঙ্গে তার পরিচয় আছে। এখন যতদূর আমরা পৌঁছেছি, তিনি বিভিন্ন প্রকার বিশ্বাসী সম্প্রদায় থেকে, প্রভু যীশু খ্রীষ্টের শরীরকে একত্রে আনতে খুবই প্রভাবশালী হয়েছেন। (তারা) কোন গির্জা থেকে, বা (তারা) কোন সম্প্রদায় থেকে, তা বিচার না করে। এটা সেই, মন্ডলী, যার জন্য খ্রীষ্ট নিজ প্রাণ দিয়েছেন।

4 আর আমি অনেক সময় ভাবতাম। পশ্চিমে গিয়ে, গবাদি পশুগুলিকে একত্র করার জন্য সাহায্য করতে। ভাই ডেভিড, আমরা পর্বতের উপরে গিয়ে বসতাম, যেখানে তারা গবাদি

পশুগুলিকে জঙ্গলের...তৃণভূমিতে চড়তে...চড়তে দিত। যখন, নিচে তৃণভূমিতে ঘাসের বৃদ্ধি হচ্ছিল, বন্য ঘাসের। তখন তারা সেই ঘাস কেটে, পুরো—পুরো শীত কাল ধরে, যখন পর্বতে প্রবল তুষার পাত হয়ে থাকতো, গবাদি পশুদের তা খাওয়াতো।

5 আর আমি সেখানে ঘোড়ার পিঠে বসে দেখতাম পশুপালকেরা তাদের পশুদের নিয়ে আসছে; আর নিচে প্রত্যেকটি খামারে, যারা টনে বিচালি তৈরি করতে পারত। যদি তারা পঞ্চাশ টন বিচালি তৈরি করতে পারত, তার মানে তারা পঞ্চাশটি পশু পালন করতে পারত। যদি তারা এক হাজার টন বিচালি তৈরি করতে পারত, এক হাজার সংখ্যক পশুর তা হয়ে যেত। প্রত্যেকজন, তারা তাদের গরুর উপরে একটা চিহ্ন লাগিয়ে দিত। তারা সেই চিহ্নটিকে দেখতো, নিশ্চয়ই, প্রত্যেকটি আলাদা আলাদা খামারে, যাতে তাদের পশুগুলি একসঙ্গে মিশে না যায়। আর যখন সেই ...

6 সেই পশুপালক, তার কোনো আগ্রহ ছিল না কোন প্রকারের চিহ্ন এখন চলছে, কারণ সেখানে সব প্রকারের চিহ্ন ছিল। কিন্তু সেখানে একটি বিষয় ছিল যা তাকে অবশ্যই পরীক্ষা করতে হতো, আর সেটা ছিল রক্তের দাগ। প্রত্যেকটি পশুর নথিভুক্তিকরণ দরকার ছিল, নইলে তারা সেই দরজার থেকে ভিতরে যেতে পারত না। তারা তাদেরকে ফিরিয়ে দিত। দেখুন ?

7 আর আমি মনে করি বিচারের দিন এটা ঠিক সেই ভাবেই হবে। আমরা কোন ধরনের চিহ্ন পরিধান করছি তা নিয়ে নয়, কিন্তু সেখানে রক্তের দাগ আছে কিনা। আর এটাই সেই বিষয় যেটা—যেটা গণিত হবে, সেই রক্তের দাগ।

আর আমি খুবই আনন্দিত ভাই ডেভিড আমাদের সঙ্গে আছেন।

8 আর আমি দেখি ভাই এস্টলে বিলার এখানে উপস্থিত ছিলেন কিছু সময় আগে। আমি ওনাকে পিছনে উঠে দাঁড়াতে দেখলাম, সেখানে কোথাও। আর অন্যান্য সেবকেরা যারা শুনতে চান, আজ রাতে। আর আমি মনে করি ভাই রুডেল আর তার সঙ্গে কিছু লোক এখানে আসবেন, ‘কারণ তারা আজ মধ্যরাত পর্যন্ত এখানে থাকবেন।

9 যাই হউক, ভাই ডেভিড মধ্যরাত পর্যন্ত এখানে থাকতে পারবেন না। সব জায়গাতেই, তিনি একজন খুবই প্রয়োজনীয় ব্যক্তি। যখনই ভাই রজার্স শুনলেন তিনি এখানে আছেন, তিনি ওনাকে সেখানে পাঠিয়ে দিলেন দশটার সময় উপস্থিত থাকার জন্য। তার মানে

তিনি এখান থেকে প্রস্থান করবেন, খুব শীঘ্র, দক্ষিণ লুসিভাইলের উদ্দেশ্যে।

10 আর আমি মনে করি এটি খুবই ভালো হতো, যদি ভাই ডেভিডের কাছে এটি ঠিক মনে হয়, যদি—যদি উনি এখানে এসে ওনার হৃদয়ে যা আছে তা বলেন, আমাদের জন্য প্রচার করেন, ঈশ্বর যা কিছু রেখেছেন ওনার জন্য তা করেন। আমরা সবাই ভাই ডেভিড ডুপ্লেসিসের কাছ থেকে শুনতে চাই, তিনি দক্ষিণ আফ্রিকা থেকে এসেছেন।

11 আমাকে এটা বলতে দিন। আমি যখন আফ্রিকাতে ছিলাম, ঈশ্বর আমাদের সেখানে এক মহৎ অভিযান দিয়েছিলেন, আর এই ভাইটি আমার অনুবাদক ছিলেন, ভাই জাস্টাস। আমি বিশ্বাস করি ওনার নাম ভাই জাস্টাস। আর একটি খুব সুন্দর পরিবার, ডুপ্লেসিস ভাইরা। আমি মনে করি সেখানে...আমি অনুমান করি তারা সকলেই ঈশ্বরের সেবক, যত দূর আমি জানি, হয়তো তার পিতাও, ঈশ্বরের সেবা করতেন। আর তারা খুবই সুন্দর পরিবার থেকে। আর সারা বিশ্বে সমগ্র গির্জা ও সম্প্রদায়ের মধ্যে ভাই ডেভিড এক মহৎ নামের অধিকারি।

12 আর ভাই ডেভিড, আমি চাই আপনি যাতে এখানে এসে আমাদের জন্য কিছু বলেন, ঈশ্বর যা কিছু আপনার হৃদয়ে রেখেছেন বলার জন্য। এখনই চলে আসুন। আজ রাতে, আমি খুবই আনন্দিত আপনাকে আমার মন্ডলীতে পরিচয় করিয়ে দেওয়ার জন্য। ইনি ভাই অরম্যান নেভিল, আমাদের পালক। আর মন্ডলীর জন্য, ইনি আমার এক বহুমুল্য ভাই, আর—আর ঈশ্বরের সেবা কার্যে এক সহকর্মী যোদ্ধা, দক্ষিণ আফ্রিকা থেকে ভাই ডেভিড ডুপ্লেসিস। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই ডেভিড।

13 [ভাই ডেভিড ডুপ্লেসিসের প্রচার। টেপের খালি অংশ—সম্পাদক] ...বললেন। আমেন। আমরা সবাই করেছি। ভাই ডেভিড, তাড়াতাড়ি আমাদের কাছে আবার ফিরে আসুন। এটি খুবই উত্তম। আমরা নিশ্চয়ই খুবই আনন্দিত।

14 সেখানে ভাই ডেভিড কিছু বললেন, আমার কাছে যদি আমার কলমটি থাকতো, আমি সেটা লিখে ফেলতাম। কিন্তু আমি সব সময় মনে রাখবো "নাতি; নাতি নাতনী।"

15 বেশ, এখানে আমাদের ভাইয়ের উপস্থিতি আমরা নিশ্চয়ই তা সমাদর করি। আর তিনি...ছিলেন...তিনি বিশ্ব পেন্টিকোস্টাল বিশ্বাসীদের সম্মেলনের সঙ্গে যুক্ত আছেন, তিনি নিজ কাজের বিষয়ে

সারা বিশ্বে এক মহান ব্যক্তি। আমরা খুবই সৌভাগ্যবান, আজ এই নববর্ষের রাতে ভাই ডেভিড এখানে উপস্থিত ছিলেন এবং আমাদের কাছে প্রচার করলেন। আর আপনারা দেখলেন এক মহান ব্যক্তি আমাদের ঈশ্বরের বিষয়ে কি বিবেচনা করেন, ভাবুন ওনার এক মহান দাসের বিষয়ে।

16 এখন আমি বিশ্বাস করি যে, আগামীকাল, নতুন বছরের থেকে আমরা কয়েক ঘণ্টা দূরে। আর আমাকে খুব ভোরেই এখান থেকে প্রস্থান করতে হবে, তাই আমি ভাবলাম আমি কিছু কথা বলে নিই, যদি এটা ভাই নেভিলের কাছে ঠিক মনে হয়। [ভাই নেভিল বললেন, "হ্যাঁ, আমেন।"—সম্পাদক] ভাই বিলার, এবং অন্যান্য সেবকেরা যারা এখানে উপস্থিত আছেন। আমি বেশি সময় নিব না। আর আমি মনে করি, যদি আমরা বলি "আমেন" এবং তারপরে ঘরে যাই, তাহলে এটি একটি অপূর্ব বার্তা হবে। আজ রাতে, আমাদের কাছে যা এখানে আছে, তার জন্য আমরা ঈশ্বরের কাছে কৃতজ্ঞ থাকব।

17 আর এখন, আজ নববর্ষের রাত হওয়ার জন্য, আমরা একে অপরকে আপ্যায়ন করবো, ঈশ্বরের রাজ্য দিয়ে, প্রচারের মাধ্যমে, যতক্ষণ না নতুন বছর শুরু হয়। আর আমার কাছে...খুবই তাড়াতাড়ি, সকালে উঠতে হয়েছে, সকাল হওয়ার আগেই। আমি আর ডেভিডের মত তরুণ নই। হয়তো আমি...তার মত নিজেকে তরুণ বলে অনুভব করি না। তিনি এক...নিশ্চয়ই, ডেভিড আমার থেকে একটু—একটু বয়স্ক। আমি মনে করি তিনি আমার থেকে সাত থেকে আট বছরের বড়, বা দশ বছরের। কিন্তু তিনি ঈশ্বরের কাছে একজন আগুনের গোলা, পঞ্চাশ হাজার মাইল তিনি এই বছর ভ্রমণ করেছেন, ঈশ্বরের রাজ্যের জন্য। এখন তিনি ভাই রগার্সের কাছে প্রচার করতে যাচ্ছেন, আগামীকাল আরো কোথাও, আরো কোথাও, আরো কোথাও, আরো কোথাও, আর সোমবার আবার এখানে। আগামীতে এক বিশ্বব্যাপী সফরের জন্য ওনার সঙ্গে আমাকে দেখা করতে হবে।

18 আর আমরা আফ্রিকাতে থাকবো, আজ বিকালে আমি মনে করি, মার্চ মাসে, এই—এই মার্চ মাসে। আমি ক্লেটন সন্ডমোরের সঙ্গে দেখা করব, তিনি একজন ফুল গসপেল ক্রিশ্চিয়ান বিজনেস ম্যান, এই সপ্তাহে, বা পরের সপ্তাহে, প্রথম ভাগটি হল, হাইতি জামাইকার জন্য পরিকল্পনা করা। আমি আগামী সপ্তাহে কেন্টাকিতে যাচ্ছি, বা জর্জিয়াতে, সভার জন্য। ফেরার পথে কেন্টাকি হয়ে, এক রাত এখানে, আরেক রাত সেখানে, এই মন্ডলীগুলির সঙ্গে দেখা করবো। আর সেখান থেকে সরাসরি ফিরে এসে, আটলান্টিক

শহরে—রে—রে যাব, ২৭ তারিখ থেকে, ৩০ তারিখ পর্যন্ত, তারপর 1 তারিখ সকালে সেখান থেকে আমরা বেরিয়ে আসবো, আর কিংসটন জামাইকাতে, সেখানে দৌড়ের...ঘোড়া দৌড়ের মাঠে, সেই রাতে, দশ দিনের সভা শুরু করব। আর সেখান থেকে শুরু করে, হাইতি পর্যন্ত। আমরা জানি না সেখান থেকে আমরা কোথায় যাব, যেমনটি ঈশ্বর আমাদের পরিচালনা করেন।

19 এখন, এই সকল কিছু ঘটতে যাচ্ছে। বুঝলেন? আমি হ্যাঁ বলিনি। ডেভিড এখানে আছেন, ক্লেট এখানে আসছেন। গরডন, ভাই গরডন লিন্ডসে এখানে আসছেন, দক্ষিণ আমেরিকার জন্য। আর—আর বাকি সবাই, ল্যাটিন আমেরিকা থেকে ক্রিশ্চিয়ান বিজনেস ম্যান। আর ভাই ডেভিড সুইজারল্যান্ডের জন্য, তারপরে জার্মানি। কিন্তু আমরা এখনো জানি না। আপনারা প্রার্থনা করতে থাকবেন। আমি কোথাও যেতে চাই না যতক্ষণ না ঈশ্বর যেতে বলেন, আমি যত দূর জানি। সেই জন্য, যদি আমি অনুভব করি ঈশ্বর পরিচালনা করছেন, তারপর যখন আমি প্লেন থেকে নামি, আমি... বিরোধ যাই হোক না কেন, আমি বলতে পারি, "আমি প্রভু যীশুর নামে এসেছি।"

20 আমি ডেভিডের জন্য কৃতজ্ঞ, আমাদের বন্ধুত্বের জন্য, কারণ তিনি একজন খুব গুরুত্বপূর্ণ মানুষ, তবে তিনি—তিনি—তিনি নিশ্চয়ই ঈশ্বরের এই সেবা কার্যে বিশ্বাস করেন। তিনি অবশ্যই করেন। আর—আর আমাদের নাম এখন পুরো বিশ্ব জুড়ে একসাথে অনুষঙ্গী হয়েছে, ভাই ডেভিড এবং আমি।

21 আর আমি খুব আনন্দিত এমন একজনের সাথে মেলামেশা করতে পেরে। কিন্তু, বন্ধুরা, আমি এটি প্রশংসা করি। তবে সব থেকে মহান বিষয় যা আমি ভাবতে পারি সেটি যীশু খ্রীষ্টের সঙ্গে যুক্ত থাকা, যিনি ঈশ্বরের পুত্র, যিনি মহান।

22 এখন, কিছু সময়ের মধ্যে ভাই নেভিল ও অন্যরা কিছু বলবেন, কিন্তু আমি চাই এখন শাস্ত্র থেকে কিছু পড়ার জন্য।

23 আর এটি খুবই উত্তম, আমি মনে করি, নতুন বছরে রাতে, বিভিন্ন প্রচারকদের দেখতে পেয়ে, আর তারা যেভাবে বাক্য প্রচার করেন। আর প্রত্যেক ব্যক্তি তারা তাদের নিজস্ব পদ্ধতিতে বাক্য প্রচার করেন। আপনারা জানেন, ঈশ্বর আমাদের সবাইকে এক করে তৈরি করেননি। তিনি আমাদেরকে ভিন্ন করে তৈরি করেছেন। আমাদের ভাস্কর্যে তিনি আমাদের ভিন্ন করে তৈরি করেছেন। তিনি বিশ্বকে ভিন্ন করে তৈরি করেছেন, এবং বড় পর্বত, ছোট পর্বত,

তৃণভূমি, মরুভূমি, বড় সাদা রঙের ফুল, নীল রঙের ফুল, আর বিভিন্ন প্রজাতি। তিনি আমাদের ভিন্ন করে তৈরি করেছেন। ঠিক তাই। তিনি লাল রঙের চুল, কালো রঙের চুল, বাদামি রঙের চুল, সাদা রঙের চুল; মোটা, পাতলা, লম্বা, আরো কত কিছু। দেখুন ? তিনি—তিনি আমাদের আলাদা তৈরি করেছেন। ঈশ্বর একজন বিভিন্নতার ঈশ্বর। আর আমি তা পছন্দ করি। আপনি করেন কি ? [মন্ডলী বলল, "আমেন।"—সম্পাদক] প্রত্যেক সময় ঠিক কিন্তু একই রকম ? আমার ! আমার ! আমি এটি পছন্দ করি।

24 আসুন আমরা শাস্ত্র পুস্তক খুলি, মথির লেখা পুস্তকে, মথির সুসমাচার, আরম্ভ করে...চতুর্থ পদ, আমি পড়তে চাই...বাক্য পড়তে, ঈশ্বর আমাদের সাহায্য করুন। মথির সুসমাচার, চতুর্থ অধ্যায়।

আমি বিশ্বাস করি, শাস্ত্র পড়ার আগে, আসুন আমরা প্রার্থনা করি।

25 অনুগ্রহকারী স্বর্গীয় পিতা, অন্তরে কৃতজ্ঞতা নিয়ে আমরা আবার নতুন বছরের দিকে এগিয়ে যাচ্ছি। আমরা আপনার কাছে প্রার্থনা করি এবং আমাদের বিগত চিন্তার বিষয়গুলি আপনার কাছে নিয়ে আসি, আমরা নিবেদন করি যাতে আপনি সেইগুলো ভুলে যাওয়ার সমুদ্রের মধ্যে ফেলে দিবেন, আর আমাদের বিরুদ্ধে আমাদের পাপ স্মরণ করিবেন না। আর আমরা শুধুমাত্র যাতে আমাদের আত্মিক বিষয় পরখ করে না নিই, কিন্তু আমাদের...আমরা আপনার সঙ্গে আমাদের সহভাগিতাকে পরখ করে নিই। আমাদের সকল প্রকারের পাপের থেকে আমাদের ক্ষমা করুন। আর আমরা প্রার্থনা করি যাতে আপনার আত্মা আজ রাতে আমাদের মধ্যে কাজ করে। আর এখানে আমাদের মধ্যে যদি কোন অপবিত্র বিষয় থাকে, ঈশ্বর, পূর্ব থেকে পশ্চিম যত দূরে তত দূরে তা নিয়ে যান। ভুলে যাওয়ার সমুদ্রে তা ফেলে দিন, যাতে আমাদের বিরুদ্ধে তা আর স্মরণে না আসে, আমরা যাতে এই নতুন বছরে পরিষ্কার হয়ে প্রবেশ করতে পারি, মেষ শাবকের রক্তের দ্বারা ধৌত হয়ে, এবং আমরা যাতে প্রস্তুত থাকি।

26 হতে দিন এই ১৯৬০ খ্রিস্টাব্দ যেন আপনার সেবা কার্যের এক শ্রেষ্ঠ বছর হয়। অতিশয়, প্রচুরভাবে আমাদের দিন। প্রত্যেকটি সভা যেটি হতে যাচ্ছে, প্রভু, ভাই ডুপ্লেসিসের সঙ্গে যেটি আমরা ভাবছি, আর সারা বিশ্বে, এশিয়া মহাদেশে, ইউরোপ মহাদেশে, এবং চার—চারদিকে। প্রভু, এই বিষয়গুলির পরিচালনা আপনার ইচ্ছা ও শক্তি দ্বারা হতে দিন। আর আমরা যদি কোন সময় আপনার নির্ধারিত পবিত্র পথ থেকে সরে যাই, পবিত্র আত্মা যেন আমাদের পথে বাধা

হয়ে দাঁড়ায় আর আমাদের থামিয়ে দেয়, প্রভু, আর যেন আমাদের সঠিক জায়গায় ফিরিয়ে আনে। এটি প্রদান করুন।

27 প্রভু, এই ছোট্ট মন্ডলীকে আশীর্বাদ করুন। আমি অনুমান করি, তিরিশ বছরের কাছাকাছি, ঈশ্বরের অনুগ্রহের স্মারক রূপে, নম্র লোকেদের জন্য, এই মন্ডলীটি এখানে আছে। আমরা প্রার্থনা করি, পিতা, আপনি ভাই নেভিলকে আশীর্বাদ করুন, যিনি একজন পালক। এই মন্ডলীকে আশীর্বাদ করুন। ট্রাস্টি, ডিকন, সংগীত পরিচালক, পিয়ানোবাদক, আর প্রত্যেক বিশ্বাসী, প্রত্যেক জনকে, সানডে স্কুল শিক্ষক, প্রত্যেককে আশীর্বাদ করুন। ঈশ্বরের অনুগ্রহে এই বছরে আমরা যেন বৃদ্ধি পেতে পারি। আর আমাদের সদস্য সংখ্যা যাতে বৃদ্ধি পায়, আর—আর বিগত বছরগুলির থেকে যেন আপনার অনুগ্রহ আমাদের প্রতি অধিক হয়। পিতা, তা প্রদান করুন।

28 এখন, আপনার বাক্য, যেটি আমরা পড়তে যাচ্ছি তাতে সাহায্য করুন। আর কেবল আপনি, প্রভু, যিনি বিশ্লেষণ করতে পারেন আর আমরা প্রার্থনা করি আপনি তা আমাদের প্রদান করবেন, ঈশ্বরের রাজ্যের জন্য। যীশু খ্রীষ্টের নামে। আমেন।

29 আমি আমার বিষয়টি এখনই ঘোষণা করতে চলেছি যা আমি প্রচার করব কিছু সময় পরেই। এটি শাস্ত্রে আছে, আমি এটি পড়তে চাই। এটিকে বলা হয়, আমি এটিকে বলতে চাই, "সেই সময় থেকে।"

30 আমি ভাবিনি, অন্য এক রাতে আমি বলেছিলাম, আমি হয়তো আসতে পারবো না, কারণ আমার গলা ব্যথা হচ্ছিল। আর গতকাল আমার স্ত্রী আমাকে বললেন, বা তার আগের দিন, তিনি বললেন, "আমার মনে হচ্ছে আপনি মন্ডলীতে যেতে পারবেন না।"

31 আর আমি বললাম, "প্রিয়, আমি ঠিক তা মনে করি না। আমার গলায় ক্ষত হয়েছে আর ব্যথা করছে।"

32 আর তখনই, সেই রাতেই, যখন আমি উঠে বসে বাইবেলটি উঠালাম, আমি এই বিষয়টি পেলাম।

33 ভাই সোথম্যান এসেছিলেন। তিনি বললেন, "কাল রাতে আপনি কি মন্ডলীতে যাবেন ?"

আমি বললাম, "হ্যাঁ। আমি সেখানে থাকবো।"

34 আর মেডা আমার দিকে ঘুরে তাকাল, আর সে বলল, "আমি তোমাকে বুঝে উঠতে পারি না।"

আমি বললাম, “আমি তোমার থেকে আশা রাখি না, দেখুন,” আমি বললাম, “বা অন্য কারো কাছ থেকেও।”

35 যে কেউ ঈশ্বরের আত্মা দ্বারা পরিচালিত হয় তাকে কখনোই বোঝা যায় না।

36 আমাদের প্রভু, তারা তাকে বুঝতে পারেনি। এক মিনিটের জন্য, এমনটি মনে হতো তিনি এইভাবে বললেন; পরের মিনিটে, অন্যভাবে। আবার কোথাও তিনি অন্য বিষয় নিয়ে কথা বলতেন। কখনো যীশু বলতেন, অন্য সময় ঈশ্বর বলতেন। আপনারা বুঝলেন? এমনকি তার শিষ্যরা সেখানে বলেছিলেন, শেষে, বলেছিলেন, “দেখুন, আপনি এখন সরল ভাবে বলছেন। আর আমরা এখন বুঝতে পারছি।” বুঝলেন?

37 আর যীশু বলেছিলেন, “আপনারা কি বুঝ...আর আপনারা কি এখন বিশ্বাস করেন?” দেখুন, তারপর।

38 আপনি এটা করতেই পারেন না, কারণ আপনি আত্মার দ্বারা পরিচালিত। আর যখন আপনি কিছু করতে শুরু করেন, তখন আপনি তা খুঁজে পান, আপনি দেখুন, আপনি...ঈশ্বর আপনাকে অন্য কোথাও ব্যবহার করতে চান। আপনাকে, আত্মার দ্বারা পরিচালিত হয়ে, *এখানে* বন্ধ করে *সেখানে* যাওয়া উচিত। তারা অস্বাভাবিক, অদ্ভুত মানুষ যারা ঈশ্বরকে নিজের জীবন সমর্পণ করেছেন।

39 আর আমি সব সময় এটা বলে থাকি, “যদি ঈশ্বর চান আমি এটা করব।” বুঝলেন? আমি যদি কাউকে প্রতিজ্ঞা করে থাকি, “যদি ঈশ্বর চান আমি এটা করব।” বুঝলেন? এবং, তারপর, এটা যদি ঈশ্বরের ইচ্ছা না হয়ে থাকে, আমি সে...আমি এই বার্তা ওপর বলব যদি ঈশ্বর চেয়ে থাকেন। তিনি আমাকে ডেকে বলবেন, ঠিক এই বার্তার মধ্যে, ক্যালিফোর্নিয়াতে চলে যাওয়ার জন্য। আমি সবকিছু ছেড়ে ক্যালিফোর্নিয়াতে চলে যাব, যত তাড়াতাড়ি আমি যেতে পারি।

40 আর আমি এই ভাবেই বাঁচতে চাই। আমি চাই না কোন বিষয় আমাকে বেঁধে রাখুক। অনেক বড় কিছু বিষয় আমি চাই না, যার মূল্য মিলিয়ন ডলার, এবং আমাকে বেঁধে রাখতে আপনার প্রতিদিন এত টাকা দরকার হবে। আমি সেখানে থাকতে চাই, যেখানে, যখন ঈশ্বর বলেন, “আমি চাই তুমি এই মানুষগুলোর কাছে চলে যাও। সেখানে শুধু পাঁচজন আছে। কিন্তু সেখানে যাও, আর সেখানেই থাকো যতক্ষণ না আমি তোমাকে বলি চলে আসতে।” আমি সেখানে যেতে

চাই। আমার কাছে কোন আপত্তি নেই, শুধু...যদি তিনি চান আমি বিদেশে যাই।

41 এখন এখানে এটা উল্লেখ করা হয়েছে, জার্মানি যাওয়ার সময়, বা—আফ্রিকাতে। কোন একজন দশলক্ষপতি মহিলা, ঠিক সেই সময় ঈশ্বরের আত্মা যখন আমার উপর আফ্রিকাতে যাওয়ার বিষয়টি রাখেন, তিনি বললেন, "আমি যাত্রাটির জন্য স্পন্সর করব এবং যাবতীয় খরচ বহন করব।" দেখুন ? ঠিক তাই। আমি কেন টাকা পয়সা বা অন্যান্য বিষয়ের জন্য চিন্তা করব, যখন আমার পিতা এই সবকিছুর অধিকারী ? দেখুন ? তিনি এই বিত্তবান ব্যক্তির সঙ্গে কথা বলতে পারেন, বা অন্য কোন বিত্তবান ব্যক্তির সঙ্গে, বা এই মানুষগুলোর সঙ্গে, অথবা ওই মানুষগুলোর সঙ্গে, আর আমার কোন চিন্তা করার প্রয়োজন থাকে না। দেখুন ? ঈশ্বর এই সকল বিষয়ের যত্ন নেন।

42 ভাই রয়, এই ভাবেই জীবন যাপন করতে হয়। শুধু তাকে এই বিষয়গুলোর যত্ন নিতে দিন। এটি খুবই ভালো।

43 এখন আসুন আমরা বাইবেল পাঠ করি, চতুর্থ অধ্যায়। মথি লিখিত সুসমাচারের ৪ অধ্যায়ের ১২ পদ থেকে—থেকে পাঠ আরম্ভ করবো।

> *পরে যখন যীশু*...আর *পরে যোহন কারাগারে সমর্পিত হইয়াছেন শুনিয়া, তিনি গালীলের দিকে চলিয়া গেলেন;*
>
> *...আর নাসরৎ ত্যাগ করিয়া সমুদ্রতীরে, সবূলূন ও নপ্তালির অঞ্চলে স্থিত কফরনাহূমে, গিয়া বাস করিলেন;*
>
> *যেন যিশাইয় ভাববাদী দ্বারা কথিত এই বচন পূর্ণ হয়,*
>
> *সবূলূন দেশ ও নপ্তালি দেশ, সমুদ্রের পথে, যর্দ্দনের পরপারে, পরজাতিগণের গালীল,*
>
> *যে জাতি যাহারা অন্ধকারে বসিয়াছিল, তাহারা মহা আলো দেখিতে পাইল, যাহারা মৃত্যুর দেশে ও* অঞ্চলগুলির *ছায়াতে বসিয়াছিল, তাহাদের উপরে আলো উদিত হইল।*
>
> *সেই অবধি যীশু প্রচার করিতে আরম্ভ করিলেন; বলিতে লাগিলেন, 'মন ফিরাও, কেননা স্বর্গ-রাজ্য সন্নিকট হইল'।*

44 *আর সেই সময় থেকে,* এই বিষয়টির উপরে আমি কথা বলতে চাই। আপনারা জানেন, মানুষ হিসেবে, কিছু বিষয় যা একটি নির্দিষ্ট সময় থেকে শুরু হয়েছে আমরা তা ভেবে থাকি । এই রূপ একটি

বিষয় ঘটেছিল, ঠিক সেই সময় থেকে। আর এখন, অনেক সময়, আপনার সঙ্গে যখন একজন বৃদ্ধ পুরুষ বা নারীর সাক্ষাৎ হয়, এবং তারা একটি নির্দিষ্ট সময় দেখিয়ে দিয়ে বলেন এই বিষয়টি ঠিক সেই সময় থেকে শুরু হয়েছিল, তারা স্বতন্ত্রভাবে এটিকে চিহ্নিত করতে পারেন আর বলতে পারেন, "সেই সময় থেকে।"

45 এখন, আমি অনুমান করি, আজ রাতে আমরা সকলে কার্যকারী ভাবে এমন কোন ঘটনা যা কোন নির্দিষ্ট সময় থেকে আরম্ভ হয়েছিল তা স্মরণ করতে পারি। সেই সময় থেকে, যখন কিছু বিষয়ের পরিবর্তন ঘটেছিল। *অমুক-অমুক* বিষয়টি, ঠিক সেই সময় থেকে আরম্ভ হয়েছিল। আর তার পর এই সময় থেকে, এটির পরিবর্তন ঘটেছিল। আর এটি খুবই ভালো যে আমরা তা স্মরণ করতে পারি। আর কিছু মূল্যবান বিষয়ের পরিবর্তনের স্মৃতি, আমরা মনে করতে পারি। আর সেখানে কিছু অমূল্যবান বিষয়ের পরিবর্তন রয়েছে যা আমরা আর মনে করতে চাই না।

46 উদাহরণস্বরূপ, একজন মন্দ-খ্যাতি যুক্ত নারী, সে বলল, "এক সময় ছিল যখন আমি খুব ভালো, ধার্মিক, ও নৈতিক মেয়ে ছিলাম। কিন্তু একটি রাতে, এক বিশেষ জায়গায়, একটি ঘটনা ঘটে।" আর সেই সময় থেকেই, সে ভুল পথে চলতে আরম্ভ করে। তার জীবন পাপময়, ও অন্ধকারে পরিণত হয়, এখন শুধুমাত্র বিচার তার জন্য অপেক্ষা করছে। কিন্তু সে স্মরণ করতে পারে, সেই সময়টিকে, যখন থেকে সে ভুল পথে চলতে আরম্ভ করে।

47 আজ রাতে, রাস্তায় মাতালেরা, যারা তাদের নিজেদের দুঃখ ভুলে যাওয়ার চেষ্টা করছে। আপনি তাকে তুলে ধরতে পারেন। কিছু সময় আগে, আমি যখন বাউরীতে ছিলাম, নিউইয়র্ক শহরে, যেটি একটি মদ্যপায়ীদের এক বিশাল কেন্দ্র। আমি এক সেবকের সঙ্গে সেখানে হাঁটছিলাম। আর একজন পুরুষ সেখানে শুয়ে ছিলেন, উহু, সেখানে অনেক পুরুষরা ছিলেন, নিরীহ, অসহায় অবস্থায়, তাদের সামনের কাপড়গুলি ভেজা অবস্থায় তারা শুয়ে ছিল, আর—আর তাদের পুরো মুখ ভর্তি দাড়ি ছিল, তারা ভয়ঙ্কর অবস্থার মধ্যে ছিল। কিন্তু তারা সম্পূর্ণ নিরীহ ছিল।

48 আর এই সেবকটি বললেন, "এই লোকটিকে তুলে ধরো, আর তাকে জিজ্ঞেস করো।"

49 আর আমি সেই পুরুষটির কাছে গেলাম যিনি এক পা গাড়ির বাম্পারের সঙ্গে আড়াআড়িভাবে রেখে শুয়ে ছিলেন, আর তার মাথা রাস্তার উপরে ছিল, সে বিশ্রাম ক—ক—কক্ষে যেতে কোন

এক সময় ব্যর্থ হয়েছিলেন। উহু, সে এক ভয়ঙ্কর অবস্থার মধ্যে ছিল। আর আমি তাকে ধরলাম, এবং আমি বললাম, "আপনি কি কথা বলতে পারবেন ?" সে আর আমাকে কোনো উত্তর দিতে পারল না।

50 তাই সেই সেবকটি নিচে নামলেন। তিনি জানতেন এই ব্যক্তির সঙ্গে কেমন ব্যবহার করতে হবে। তিনি তাকে জিজ্ঞেস করলেন, "আপনি কে ?"

51 আর তিনি শেষ পর্যন্ত তাকে ততটাই ঘুম থেকে উঠাতে পারলেন, যতক্ষণে সে বলতে পারে, "যদি আপনি আমাকে মদ কিনে দেন !" আর তিনি খুঁজে পান, সেই ব্যক্তিটি একটি ব্যাংকের দিকে আঙুল করে দেখিয়ে দিচ্ছেন যার তিনি সভাপতি ছিলেন।

52 "ঠিক আছে," তিনি বললেন, "আমরা প্রচারক, আপনি বলবেন কি ঘটেছিল ?"

"যদি আপনি আমাকে মদ কিনে দিবেন প্রতিজ্ঞা করেন !"

53 আচ্ছা, আমরা তা করতে পারি না। আমি বললাম, "আমি আপনার দুঃখের সঙ্গে আরো দুঃখ জুড়ে দিতে পারি না। আমি আপনাকে সাহায্য করতে চাই।"

54 ওনার কাহানিটি হল। এক রাতে, যখন তিনি ঘরে ফিরে আসলেন, সেখানে একটি, তিনি যা বললেন, "প্রিয় জন" বলে একটি চিঠি টেবিল—টেবিলের উপরে ছিল। তখন, তার স্ত্রী তাকে ছেড়ে চলে যায়। এবং...সে তাকে খুব ভালোবাসতো। তার স্ত্রী তার সন্তানদেরও নিয়ে চলে যায়। আর তাকে তালাক দিয়ে দেয়, এবং তার স্ত্রী অন্য পুরুষের সঙ্গে পালিয়ে যায়। আর তিনি বললেন, "আমার মাথায় গুলি মারার জন্য, কি করতে হবে তা আমি ঠিক জানতাম না, অথবা কি করতে হবে। তাই আমি—আমি সেলুনে চলে যাই।" আর সেই সময় থেকে, তিনি সেখানে ছিলেন। এটা সারা বিশ্বেই ঘটে থাকে।

55 একজন মিথ্যাবাদী। আপনি একবার এটা মেনে নিতে পারেন, একদিন, আমি একজনকে বলেছিলাম, আমি ভেবেছিলাম সে রসিকতা করছে। কিন্তু পরে বুঝতে পারলাম, সে আমাকে অনেক মিথ্যা কথা বলেছে আরো নিজেও সেই মিথ্যাতে বিশ্বাস করছে। আর আমি বললাম, "আপনি কেন এটা করছেন ?" এবং আমি তার সঙ্গে কথা বলার জন্য বসে পড়লাম। আমি বললাম, "আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই। এই মিথ্যা কথাগুলি লোকদের বিশ্বাস করতে খুব কঠিন হয়।"

56 সে বলল, "আমি মনে করতে পারি প্রথমবার যখন আমি মিথ্যা কথা বলেছিলাম," সে বলল, "আমি যখন ছোট্ট বালক ছিলাম আমার লালন পালন ভালো পরিবারে হয়েছিল," আর সে বলল, "স্মার্ট হওয়ার জন্য, আমি বাইরে বেরিয়ে যাই আর কর্ন সিল্ক সিগারেট নিয়ে ধুম্রপান করতে শুরু করি। আর আমার নিঃশ্বাসের গন্ধ আটকাতে, আমি কফি খেয়ে ফেলি।" আর সে বলল, "পুরনো চিমনির পিছনে আমি এই কাজটি করতাম, ঘরের পিছনে।" আর সে বলল, "আমি কখনোই ভুলবো না, যখন আমার মা আমাকে ধরে ফেলেন, আর আমাকে বলেন,' সোনি, আমাকে তোমার নিঃশ্বাসের গন্ধ শুকতে দাও।' আর আমি তার মুখে উপর আমার নিঃশ্বাস ফেলে দিলাম, আর সে বলল, 'তোমার নিঃশ্বাসের থেকে কোনো গন্ধ আটকাতে তুমি কফি খেয়েছো। তুমি কি করছিলে ? তুমি কি ধুম্রপান করছিলে ?'"

57 আর সে বলল, "আমাকে কিছু একটা বলল যেন আমি সত্যি কথাটা তাকে বলে দিই।" সে বলল, "কিন্তু আমি বললাম, 'না, মা। আমি আমার হৃদয় কঠিন করে নিই। আমি ধুম্রপান করছিলাম না।'" সে বলল, "সেই সময় থেকেই, এটি শুরু হয়েছিল।"

58 আমরা সকলেই কোন না কোন এমন একটা বিষয় খুঁজে বার করতে পারি যা—যা কোনএকটি নির্দিষ্ট সময় থেকে শুরু হয়েছিল। আর ঠিক তখন থেকে, পরিস্থিতির পরিবর্তন ঘটেছিল। আবার সেখানে কিছু উত্তম বিষয়ও রয়েছে যা আমরা ভাবতে পারি। কোন নির্দিষ্ট সময় থাকে, মানুষ ভালো উদ্দেশ্য নিয়ে কোন নতুন কিছু করার চেষ্টা করেছে।

59 উদাহরণস্বরূপ, বেঞ্জামিন ফ্রাঙ্কলিন যখন প্রথম বিদ্যুৎ আবিষ্কার করেন, এবং তারা এটি জয় করতে সক্ষম হন। তারা বলতে শুরু করেছিল, "এই সময় থেকে, আর সেখানে যুদ্ধ হবে না। কারণ, উচ্চ ভোল্টেজে, এই বিদ্যুৎ তারা তারের বেড়ার মধ্যে দিয়ে প্রবাহিত করতে পারবেন, যাতে কোন মানুষ আর সেই বেড়া পার না করতে পারে।" তারা এটি ভালো মনে করেছিল।

60 আর প্রথম বিশ্বযুদ্ধের ঠিক পরে, যখন—যখন কায়সার উইলহেম শান্তির জন্য চুক্তি সাক্ষর করেন। আমাদেরকে আমেরিকাতে বলা হয়েছিল। আমি তখন প্রায় নয় বছরের বালক ছিলাম। কিন্তু আমি মনে করতে পারি লোকেরা বলাবলি করছিল, "আমাদের সঙ্গে আর কখনও যুদ্ধ হবে না। এই সময় থেকে, চিরকাল পর্যন্ত, এটির নিষ্পত্তি হয়েছে।" কিন্তু আমরা আরো একটি যুদ্ধ পেয়ে ছিলাম।

61 আর যখন বিশাল রাষ্ট্রসংঘ বা, আমি বলব, তার আগে, তারা যখন লীগ অফ ন্যেশন তৈরি করেছিলেন। আর তারা বলেছিলেন, "এখন আমাদের মধ্যে আর কোন যুদ্ধ হবে না, কারণ আমাদের কাছে লীগ অফ ন্যেশন আছে যারা সারা বিশ্বে নজরদারি করবেন। যদি সেখানে কোথাও বিদ্রোহ শুরু হয়, প্রত্যেকটি রাষ্ট্র থেকে এই মানুষরা গিয়ে সারা বিশ্বকে সুরক্ষা প্রদান করবে।" কিন্তু এটি ব্যর্থ হয়। তারা সরাসরি যুদ্ধে চলে যায়। আর রাষ্ট্রসঙ্ঘেরও একই অবস্থা ঘটে।

62 আমাদের আগাম বার্তার মাধ্যমে বলা হয়েছে যে আগামীকাল বা রবিবার রাতে...সেই পুরুষটি যিনি পার্ল হারবারের আক্রমণ অনুমান করেছিলেন, ঠিক সেই মুহূর্তটিকে যখন—যখন বিমান থেকে বোমা ফেলা হয়েছিল, তিনি বলেছেন, "রবিবার রাতে ঠিক বারোটার সময়, রাশিয়া আমেরিকার উপর বোমা ফেলবে, এবং পঁচাত্তর শতাংশ আমেরিকার বাসিন্দারা ছাই হয়ে যাবে, এই রবিবার রাত বারোটার সময়।" সেই পুরুষটি যিনি পার্ল হারবারের আক্রমণ অনুমান করেছিলেন। তারা এটি বাইরে প্রকাশ করছেন না, কারণ লোকেরা এতে আতঙ্কিত হয়ে যাবে। আমি এটি বিশ্বাস করি না। বুঝলেন ? না। কারণ, এটি পরমানবিক যুদ্ধ বহন করতে পারবে না। তাদের মধ্যে একটি বোমা শব্দ তরঙ্গ থেকেও দ্রুতগামী, *এইদিকে*, আমরা আরেকটিকে ফেলে দিব *অন্যদিকে*, আর সারা বিশ্ব টুকরো টুকরো হয়ে যাবে। যীশুর আগমনের পূর্বে, কিছু তো ঘটতে হবে। সেটা ঠিক।

63 উদাহরণস্বরূপ, একটি তরুণ বিবাহিত দম্পতি। সেখানে একটি নির্দিষ্ট সময় ছিল যখন তাদের বিবাহ হয়েছিল। আর তারা—তারা একসঙ্গে প্রতিজ্ঞা নেয়। আর তারা একে অপরকে আনুগত্যের অঙ্গীকার দেয়। আর তারা বলে, যে, "আমরা একে অপরকে ভালোবাসবো, সম্মান করব আর স্নেহ করব, যতক্ষণ আমরা দুজন বেঁচে থাকি।" কিন্তু সেখানে একটি সময় আসে যখন কিছু ঘটে যায়।

64 এই সকল বিষয় গুলিতে, সেখানে—সেখানে একটি সময় রয়েছে যখন কিছু বিষয় ঘটে যায়। আর তাদের সকল প্রতিজ্ঞা, এবং সমগ্র রাষ্ট্রপুঞ্জ, এই ভাবেই আরো অনেকে, হয়তো তাদের ভালো উদ্দেশ্য ছিল, কিন্তু সকলই শেষ হয়ে যায়। সকলই মানুষের পা—পা—পায়ের নিচে, ভেঙে টুকরো টুকরো হয়ে যায়। আমাদের যতই ভালো উদ্দেশ্য থাকুক না কেন, একসময় সকলই শেষ হয়ে যেতে হবে।

65 কিন্তু সেখানে একটি সময় রয়েছে যেখানে মানুষ এমন বিষয়ের কাছে আসতে পারে, যা অনন্ত। ঠিক যখন, একজন মানুষ, ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করে। তখনই এমন কিছু ঘটে যায় যা অনন্ত।

66 আমরা ভুলভ্রান্তি করে থাকি। আর নতুন বছরের রাতে আমরা প্রতিজ্ঞা করি, শুধুমাত্র পরের দিন তা ভেঙে ফেলার জন্য। আমরা নতুন পৃষ্ঠা পাল্টাই, আর নতুন প্রতিজ্ঞা নিয়োগ করি। আর আমরা পুরোহিতের কাছে যাই এবং...আমরা করি না, কিন্তু ক্যাথলিকরা করেন। আর স্বীকারোক্তি করি, আর অঙ্গীকার স্বাক্ষর করি, আর বেদির সামনে এসে নতুন পৃষ্ঠা পাল্টাই, কিন্তু এই সকলই বৃথা। কারন, পরের বার যখন কেউ আমাদের পথ অতিক্রম করে যায় বা কিছু ঘটে যায়, আমাদের পুরনো সেই স্বভাব আবার ফিরে আসে। প্রত্যেকবার যখনই আমরা বিপদ এর মধ্যে পড়ি, আবার সেই একই ঘটনা ঘটে।

67 কিন্তু সেখানে একটি স্থান রয়েছে যেখানে মানুষ আসতে পারে, কোন এক সময়, যা তাকে চিরদিনের জন্য পরিবর্তন করতে পারে, অনন্ততার জন্য। যীশু বলেছিলেন, "যারা আমার কাছে আসবে, তাদের আমি তাড়িয়ে দিব না।" একজন মানুষ ঈশ্বরের কাছে আসতে পারেন, এবং তার চিরন্তন ভাবে তার গন্তব্যের পরিবর্তন হয়ে যায়। একজন মানুষ ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করতে পারেন, সে আর আগের মত থাকতে পারে না। আপনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করার পরও আপনি আগের মতই থেকে গেছেন, এমনটা হতেই পারে না। যদি আপনি তার কাছ থেকে সরে যান, আপনি আগের থেকে আরো অনেক খারাপ ব্যক্তি হয়ে যাবেন। আপনি যদি তাকে গ্রহণ করেন, আপনি অনন্ত জীবন পেয়ে যাবেন, আর তিনি আপনাকে, তার প্রতিজ্ঞার দ্বারা, শেষ দিনে পুনরায় উঠাবেন।

68 একসময় ছিল যখন আব্রাহাম নামের একজন পুরুষ ছিলেন, যিনি কল্দীয়দের মাঝখান থেকে চলে আসেন, আর তিনি ঊর নগরে বসবাস করতে শুরু করেন। তিনি একজন সাধারন, ও ভালো মানুষ ছিলেন। হয়তো, তার কাছে ছিল...তার পিতা হয়তো মূর্তি পূজা করতো, কারণ তারা বাবিল থেকে এসেছিলেন। আর তিনি একজন সাধারন পুরুষ ছিলেন, আর বয়স্ক হয়ে যাচ্ছিলেন। তার বয়স পঁচাত্তর বছর ছিল, আর তার স্ত্রীর বয়স পঁয়ষট্টি বছর ছিল।

69 আর আব্রাহাম, একদিন, হয়তো যখন তিনি ক্ষেতের মধ্যে ছিলেন, শিকার করছিলেন অথবা তিনি যা কিছুই করছিলেন, বেরি ফল তুলছিলেন, বা তিনি যা কিছুই কাজ করছিলেন, তিনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন। আর সেই সময় থেকে, তার পরিবর্তন ঘটে যায়। তিনি এমন বিষয় বলতে থাকেন, যা অসম্ভব বলে ভাবা

হয়ে থাকে, কারণ তিনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাত করেছিলেন। তিনি ঠিক সেই মিনিটটি সেই ঘন্টাটি জানতেন যখন তিনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন। যা তাকে পরিবর্তন করে দেয়। আর ঈশ্বর তাকে বলেন তিনি সকল জাতির পিতা হবেন। তিনি ঈশ্বর এবং তার প্রতিজ্ঞার উপর বিশ্বাস করেন, কারণ তিনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাত করেছিলেন। পঁচিশ বছর পর, তারা সমালোচনা করছিলেন এবং ঈশ্বরের প্রতি ঘৃণা তৈরীর করার জন্য চেষ্টা করছিল, তাকে বলো সে ভুল বিষয়ের উপরে বিশ্বাস করেছে। কিন্তু বাইবেল বলে, "তিনি সব সময় শক্তিশালী ছিলেন, এবং ঈশ্বরের প্রশংসা করতেন।" কারণ, তিনি জানতেন ঈশ্বরকে তার প্রতিজ্ঞা রাখতে হবে।

70 যখন একজন মানুষ ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন। এটা তার সাজসজ্জার পরিবর্তন করে দেয়। এটি একটি মহান অনুভূতি তাকে প্রদান করে। যেমনটি আমি অন্য রাতে বলছিলাম, একজন স্বাভাবিক মানুষের শুধুমাত্র পাঁচটি ইন্দ্রিয় রয়েছে। কিন্তু, একজন বিশ্বাসী, যখন সে ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করে, সে কিছু আলাদা বিষয় পেয়ে থাকে। এটি সেই মহান অনুভূতি যা তাকে সব অন্ধকার থেকে উপরে তুলে আনে। এটা তাকে অবাস্তব বিষয়ের ওপর বিশ্বাস করতে সাহায্য করে। তারা তবুও বিশ্বাস করে এটি সম্ভব, কারণ ঈশ্বর বলেছেন। যখন একজন মানুষ ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, সেখানে কিছু বিষয় ঘটে যায়।

71 সেখানে এক সময় ছিল যখন একজন ব্যক্তি সকল প্রকারের জ্ঞান দ্বারা শিক্ষিত ছিলেন, সম্পূর্ণ ঐশ্বরিক শাস্ত্রবিদ্যায়। তিনি অক্ষরে অক্ষরে এটি জানতেন। তাকে বিদ্যালয়ে পাঠানো হয়েছিল। তার কাছে সকল প্রকারের ডিগ্রী ছিল। তিনি এত বুদ্ধিমান ছিলেন যে মিশরের জ্ঞানীদের এবং তাদের শিক্ষকদের তিনি শেখাতে পারতেন। তিনি সবকিছু জানতে, অক্ষরে অক্ষরে। কিন্তু তিনি এই জ্ঞান নিয়ে একজন কাপুরুষ ছিলেন, আর মরুভূমির পিছন দিক দিয়ে পালিয়ে গিয়ে, একজন অপরিচিত ব্যক্তির মেষপালন করছিলেন। কিন্তু সেখানে এক সময় আসে যখন ঈশ্বর তার সঙ্গে সেখানে দেখা করেন, একটি জ্বলন্ত ঝোপের মধ্যে থেকে। আর সেই সময় থেকেই, মোশির পরিবর্তন হয়ে যায়, কারণ তিনি সেই জ্বলন্ত ঝোপের মধ্যে ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন। আর ঈশ্বরের সঙ্গে মুখোমুখি ভাবে, তিনি আর আগের মত থাকতে পারেন না।

72 যখন একজন পুরুষ বা মহিলা...আমার কিছু যায় আসে না আপনি কতবার প্রতিজ্ঞা করেছেন, বা কতবার আপনি নতুন পৃষ্ঠা পাল্টেছেন। যতক্ষণ না আপনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, আপনি

বদলাতে পারেন না। কিন্তু যখন আপনি একবার ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, তখন আপনার জীবন চিরদিনের জন্য পরিবর্তন হয়ে যায়।

73 শুধু মোশির পরিবর্তন ঘটেনি। এটা ইস্রায়েলের পরিবর্তন করে দিয়ে ছিল। মিশরের পরিবর্তন করে দিয়ে ছিল। সেই সময় এটা সম্পূর্ণ পৃথিবীর পরিবর্তন করে দিয়ে ছিল, কারণ একজন মানুষ ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন এবং তিনি তাকে তার বাক্যে নিয়ে ছিলেন।

74 আজ আমাদের প্রয়োজন আছে যেন একজন ব্যক্তি ঈশ্বরের সঙ্গে মুখোমুখি ভাবে সাক্ষাৎ করেন এবং আজকের পরিস্থিতি নিয়ে তার সঙ্গে কথা বলেন। যখন মানুষ ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, সব বিষয়ের পরিবর্তন হয়ে থাকে। নিশ্চয়ই। আর সেটাই একমাত্র পথ যার মাধ্যমে আমরা বিষয়গুলি পেয়ে থাকি।

75 আর সেই সময় থেকে, মোশি যিনি একজন কাপুরুষ ছিলেন, মোশি যিনি পালিয়ে বেড়াচ্ছিলেন, তার পরিবর্তন হয়ে যায়। আর সেই সময় থেকে, তিনি একজন ঈশ্বরের দাসে পরিণত হন। এটা সব সময় একইভাবে কাজ করে থাকে। ঈশ্বরের সঙ্গে যখন একজন সাক্ষাৎ করেন, সকল বিষয়ের পরিবর্তন ঘটে যায়।

76 একসময় সেখানে একটি ছোট্ট মেয়ে ছিল, নাসরতে, তার বয়স আঠার বছরও ছিল না, হয়তো বা তার বয়স তাও ছিল না, এক সকালে সে তার নিজের পথে কুপের দিকে যাচ্ছিল, এক বালতি জল আনার জন্য। সে একটি সুন্দর ছোট্ট মেয়ে ছিল। সে বিশ্বাস করত। তার কাছে বিশ্বাস আছে। কিন্তু, সেই সকালে, তার ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ হয়। আর ঈশ্বর তাকে কিছু বলেন, এবং সে তা বিশ্বাস করে নেয়। এটি সেই মহিলার সম্পূর্ণ জীবন পরিবর্তন করে ফেলে, আর তাকে অবিনশ্বর বানিয়ে দেয়। তার নাম মরিয়ম ছিল, প্রভু যীশুর মা। সেই ছোট্ট মহিলাটি একজন সাধারন মেয়ে ছিল, কিন্তু ঈশ্বরের সঙ্গে তার দেখা হয়। আর সেই সময় থেকে, কিছু ঘটে যায়। নিশ্চিত ভাবে।

77 সেখানে পিতর নামে একজন ব্যক্তি ছিলেন, একজন বৃদ্ধ রুক্ষ জেলে, হয়তো যতটা রুক্ষ হওয়া সম্ভব তাদের পক্ষে। হয়তো তিনি একজন অনেক বড় মস্তানও ছিলেন। কারণ, এখানে কিছু সময় আগে, আমি একটি নাটক দেখেছিলাম, যার নাম ছিল, "একজন বড় জেলে।" আমি ভেবেছিলাম এটি খুব ভালোভাবে পিতরকে বর্ণনা করতে পারে, কারণ তিনি একজন বৃদ্ধ ও খুব বড় মস্তান ছিলেন। তিনি কোন বিষয়কে পাত্তা দিতেন না। তিনি কোন কিছু উপরে বিশ্বাসও করতেন না। কিন্তু, একদিন, ঈশ্বরের সঙ্গে তার

সাক্ষাৎ হয়। আর সেই সময় থেকে, তার পরিবর্তন ঘটে যায়। সেই সময় থেকে, তিনি একজন প্রভু যীশু খ্রীষ্টের শিষ্য হয়ে যান।

78 যেমন ভাই ডেভিড ডুপ্লেসিস কিছু সময় আগে আমাদের বলছিলেন, তার্ষ নগরীয় শৌলের নিয়ে, একজন ঘাতক, তিনি হত্যাকারীদের বস্ত্র রাখতেন, আর তিনি শহীদ স্তিফানের সাক্ষী ছিলেন, এবং সাক্ষী দিয়েছিলেন। তার পকেটে চিঠি ছিল, গির্জার প্রধানদের কাছে যাওয়ার জন্য, আর যারা উচ্চ ধ্বনিতে চিৎকার করছিল, এবং ঈশ্বরের প্রশংসা করছিল, তাদেরকে গ্রেফতার করার জন্য। ফরীসীদের দৃষ্টিতে তিনি একজন মহান ব্যক্তি ছিলেন। তিনি ফরীশীদের একজন ফরীশী ছিলেন। কিন্তু, একদিন, তিনি দম্মেশকের পথে যাচ্ছিলেন, এবং ঈশ্বরের সঙ্গে তার সাক্ষাৎ হয়। একটি আলো তার চারিদিকে চমকে উঠে। আর সেই সময় থেকে, তিনি আর তার্ষ নগরীর শৌল থাকলেন না। কিন্তু তিনি পৌল, একজন নম্র, বিনম্র ব্যক্তি, কারণ তিনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন, আর যা তার পরিবর্তন করে দেয়।

79 সেখানে একজন কুষ্ঠরোগী একটি দ্বারের সামনে পড়ে ছিলেন। কোন প্রকারের ঔষধ তাকে আরোগ্য করতে পারে নি। তার ক্ষত এত বেশি ছিল যে সে তার হাত আর উপরে উঠাতে পারত না। আর তার পা, সে খুব কষ্টে তা নড়াতে পারতো। তার আর কোন আশা ছিল না। কিন্তু তার ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ হয়, একদিন, সেই দ্বার থেকে বেরিয়ে আসছিলেন। তিনি তাঁর চরণে পড়ে প্রণিপাত করে বলেন, “যদি আপনি চান, আপনি আমাকে শুচি করতে পারেন।”

80 আর তিনি বললেন, “আমার ইচ্ছা, তুমি শুচীকৃত হও।” সেই সময় থেকে, কুষ্ঠরোগ তার কাছ থেকে চলে যায়, কারণ সে ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন।

81 সেখানে একজন অন্ধ ব্যক্তি রাস্তার ধারে বসে ছিলেন। তিনি অন্ধকার থেকে দিবসের আলো দেখতে পেতেন না। সেখানে কিছুই ছিল না যা তার সাহায্য করতে পারে। একদিন, যিরীহো শহর থেকে একজন বেরিয়ে আসলেন, এবং যখন ঈশ্বরের সঙ্গে তার সাক্ষাৎ ঘটলো; সেই সময় থেকে, সে দেখতে আরম্ভ করলো। তার দৃষ্টি সে ফিরে পেল। তার দৃষ্টিশক্তি তার চোখের ভিতর প্রবেশ করলো, আর সে দেখতে আরম্ভ করলো। কারণ, সেই সময় থেকে, যখন যীশুর সঙ্গে তার সাক্ষাৎ হয়, সে একজন ভিন্ন মানুষে পরিণত হয়। তার দৃষ্টিশক্তি সে ফিরে পায়।

যখন একজন ব্যক্তি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, সেখানে নিশ্চয়ই কিছু ঘটে থাকে।

82 একসময়, সেখানে একজন যুবক ব্যক্তি ছিলেন; কোন সন্দেহ নেই, তিনি একজন দেশের ভালো নাগরিক ছিলেন, কিন্তু তার উপর মন্দ আত্মার ভর হয়েছিল। আর সে এতটা খারাপ হয়ে যায় যে কারাগার তাকে আর আটকে রাখতে পারত না। তারা তাকে শিকল দিয়ে বেঁধে রাখে। তার ভিতর শয়তানদের সৈন্য বাহিনী ছিল, আর সেই শিকল ভেঙে সে নিজেকে মুক্ত করে নিতে পারত। আর শয়তান তাকে একটি কবরস্থানের মধ্যে নিয়ে আসে, এবং সে সেখানেই থাকতে আরম্ভ করে। আর সে নিজেকে আঘাত করার জন্য একটি পাথরের ফলক নেয়, এতই নীচ। উহু, একজন ভয়ানক ব্যক্তি। যখন সেই মন্দ আত্মা তাকে ছেড়ে চলে যেত, কোনো সন্দেহ নেই সে ভাবতো, “আমি এখানে কি করছি?” আর সেই সময়েই, শয়তান তার কাছে ফিরে আসতো, আর তাকে কেটে ছিঁড়ে ফেলত। কিন্তু, একদিন, যীশুর সঙ্গে তার সাক্ষাৎ হয়। আর সেই সময় থেকে, গাদারার পাগল তার সঠিক বুদ্ধি ফিরে পায়, বস্ত্র পরিধান করে, এবং তার পদদেশে বসে পড়ে। সে ঘরে ফিরে যেতে পারত, একজন ভদ্র মানুষ হয়ে। সে সভ্যতায় ফিরে যেতে পারত। সে তার প্রিয় জনদের কাছে যেতে পারতো, আর বলতে পারতো, “সেই সময় থেকে, আমার পরিবর্তন ঘটেছে।” হ্যাঁ।

83 একদিন, কালভেরির উপরে, যখন ঈশ্বর ও মৃত্যুর সাক্ষাৎ হয়, মুখোমুখি ভাবে, যখন জীবন এবং মৃত্যু একসঙ্গে চলে আসে। ঠিক তখনই জীবন, খ্রীষ্ট, মৃত্যুর হুল তুলে ফেলে দেন। আর সেই সময় থেকে, মৃত্যুর কাছে আর কোন হুল নেই। আর আমি সেই জন্য খুবই আনন্দিত। ঈশ্বর! মৃত্যু এবং ঈশ্বরের সাক্ষাৎ, একসঙ্গে। মৃত্যু আর আগের মত নেই। তার কাছে আর কোন হুল নেই। একজন খ্রীষ্টে বিশ্বাসী তার মুখের সামনে গিয়ে বলতে পারে, “মৃত্যু, তোমার হুলটা কোথায়? কবর, তোমার বিজয় কোথায়?” কেন? তারা উভয়ই ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছে। আর সেই সময় থেকে তারা আর আগের মত নেই।

84 কোন মানুষই অপরিবর্তিত থাকতে পারে না, কোন বিষয়ই অপরিবর্তিত থাকতে পারে না, যখন একবার ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ হয়। আপনি আর আগের মত থাকবেন না।

85 আমি মনে করতে পারি যখন আমি হাসপাতালে শয্যার উপর শুয়ে ছিলাম। ডাক্তাররা আমাকে তিন মিনিট সময় দিয়েছিল বাঁচার জন্য। আমার হৃদস্পন্দন এক মিনিটে সতেরোবার ছিল। ঈশ্বরের

সঙ্গে আমার সাক্ষাৎ হয়। তখন থেকে, আমি আর আগের মত নেই। আমার ভিতরে কিছু ঘটে যায়। কেউ আমাকে কিছু আলাদা বলতে পারেনি। বিল ব্রানহাম মারা গিয়েছেন। আমি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করি, আর আমার মধ্যে কিছু চলে আসে। সেই মিনিট থেকে যখন আমি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করি আমি আর আগের মত নেই। তিনি আমাকে বদলে দিয়েছেন। তিনি আমাকে কিছু ভিন্ন বানিয়েছেন। এটি নতুন বছরের সঙ্কল্প নয়, কিন্তু এটি আমার ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ।

86 পুরুষ ও নারী, আপনারা যখন ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, আপনারা বদলে যান। আমরা যে নববর্ষের রাতে প্রতিজ্ঞা করি; পরদিন সকালে ফিরে গিয়ে, সেগুলো ভেঙে ফেলি; ঠিক পরের দিন, সেগুলো ভেঙে ফেলি। কিন্তু আমাদের উচিত, নববর্ষের রাতের প্রতিজ্ঞা নয়, কিন্তু ঈশ্বরের সঙ্গে মুখোমুখি ভাবে সাক্ষাৎ করা, আর অনন্ত জীবন পাওয়া, এবং তার আত্মায় পুনর্জীবন প্রাপ্ত করা।

87 এক সময়, সেখানে একজন বৃদ্ধ ব্যক্তি ছিলেন, তিনি কিছুই ভেবে উঠতে পারছিলেন না। শয়তান তাকে ক্রমাগত মারতে থাকে। একদিন, ক্ষেতের মাঝখানে, তিনি নতজানু হয়ে প্রার্থনা করতে শুরু করেন। যখন তিনি প্রার্থনা করছিলেন, তিনি একটি বেড়া নিচে ফেলে দেন। তিনি বলেন, "এটি একটি স্মারক হতে দিন। শয়তান, যদি তুই আবার আমার কাছে কোনদিন ফিরে আসিস, আমি তোকে এই বেড়া দেখিয়ে দিব। আর বলব ঠিক এই জায়গাতেই আমি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছি, এবং এখান থেকেই এই বিষয়ের সমাধান হয়ে গেছে।" আর সেটাই আমাদের প্রয়োজন, ক্ষেতের মাঝে একটি বেড়ার নয়, কিন্তু কোথাও, কোন গুপ্ত কক্ষে, কোন জায়গায়। না...

88 উহু, আজ রাতে, সেখানে শতাধিক প্রতিজ্ঞা করা হয়ে থাকবে, হাজারো সংখ্যাতে নেওয়া হয়ে থাকবে। আবার পরের বছর তাদেরকে পুনরায় তা নিতে হবে, আরো একবার। আমরা বলব, "আমরা আর মিথ্যা কথা বলব না। আমরা *এটা* করা ছেড়ে দেবো। আমরা আমাদের রাগ সরিয়ে রাখব। আমরা ঈশ্বরের জন্য আরো অনেক বেশি কিছু করব। আমরা *এটা* করব, *সেটা* করব, বা *অন্য কিছু*," শেষে আমরা খুঁজে পাবো, এই সকলই বৃথা।

89 কিন্তু মানুষের উচিত, আজ রাতে, ঈশ্বরের সঙ্গে মুখোমুখি ভাবে সাক্ষাৎ করা। আর সেই সময় থেকে, সে একটি পরিবর্তিত প্রাণী। হালেলুইয়া! উহু, আমার ইচ্ছা হচ্ছে যেভাবে আমি এটাকে বিশ্বাস করি সেই ভাবেই যেন আমি বলতে পারি, কিন্তু যখন একজন মানুষ ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, তার পরিবর্তন হয়ে যায়, সেই মিনিট

থেকে, তার বাকি দিনগুলির জন্য। সে আর আগের মত থাকতে পারে না, কারন সে অনন্ত জীবন পেয়েছে। সে একজন নতুন প্রাণী। পুরনো বিষয়গুলি চলে গিয়েছে, আর তার কাছে সকল বিষয়গুলো নতুন হয়ে গিয়েছে। সে এখন দেখতে নতুন।

90 একজন রোগী ব্যক্তি ঈশ্বরের সম্মুখে আসতে পারেন, যখন ডাক্তাররা বলে দেন, "তিনি মারা যাবেন।" কিন্তু তিনি ঈশ্বর সম্মুখে আসতে পারেন, এবং তার পরিস্থিতি সমর্পণ করতে পারেন। আর ঠিক সেই সময় থেকে সেই ব্যক্তি, পরিবর্তিত হয়ে সেখান থেকে বেরিয়ে আসবেন।

91 উহু, আমার মনে আছে কংগ্রেসম্যান আপশোর কথা, ছেষট্টি বছর ধরে তিনি চাকাওয়ালা কেদারায় বসে ছিলেন। সেই রাতে, ক্যালিফোর্নিয়াতে, যখন পবিত্র আত্মা নিচে নেমে আসে, আর বলতে আরম্ভ করে, তিনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন। আর সেখান থেকেই, তিনি তার যষ্টি ছাড়া হাঁটতে শুরু করেন।

92 আমি সেই সময়টি দেখেছি যখন ক্যান্সার গ্রস্থ রোগীরা একটি ছায়ার মধ্যে পড়ে থাকে। আর ডাক্তাররা সেখান থেকে পাশ কাটিয়ে চলে যান আর বলেন, "তারা শেষ হয়ে গেছে।" সেখানে তাদের প্রিয় জনেরা জড়ো হন, তাদের শেষ কথাটি বলার জন্য, তাদের কাছে, উৎসাহ প্রদানের জন্য। কিন্তু তারা ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, আর, সেই সময় থেকে, তারা পরিবর্তিত হয়ে যান। আর তাদের জীবন সম্পূর্ণ বদলে য়ায।

93 আমি সেই অপবিত্র মহিলাদের দেখতে পাই, রাস্তায় ঘোরাঘুরি করতে। আমি সেই মাদকাসক্তদের দেখতে পাই, সরু গলিতে ঘোরাঘুরি করতে। আমি সেই কপটাচারীদের দেখতে পাই, গির্জায় ঘুরাঘুরি করতে। আর সেই সকল বিভিন্ন প্রকারের মানুষ, প্রত্যেক নববর্ষে, একটি নতুন পৃষ্ঠা পাল্টায়, আর একটা কিছু নতুন করার চেষ্টা করে, ফিরে আসার চেষ্টা করে। তাদেরকে ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করতে দিন, একবার, আর সেই সময় থেকে।

94 যীশু তাদের কাছে প্রচার করেছিলেন সেই সময় থেকে, যারা মৃত্যুর ছায়ার অঞ্চলে বসে ছিলেন।

95 আর আমি বলি, আজ রাতে, যদি কোন মানুষ সত্যিই নিজের মধ্যে পরিবর্তন চেয়ে থাকে, সে ঈশ্বরের সম্মুখীন হোক, এবং তার সঙ্গে একবারের জন্য সাক্ষাৎ করুক, আর তখন সে বলতে পারবে, "তখন থেকে, সেই সময় থেকে, আমি একজন পরিবর্তিত মানুষ। আমার অভিজ্ঞতার দ্বারা আমি জানি।"

96 কিছু সময়ের মধ্যেই, মন্ডলী বেদির সামনে একত্রিত হতে যাচ্ছে। নতুন ভাবে, আপনি আপনার জীবন সমর্পণ করুন। আপনি বিষয়গুলি ছেড়ে দিবেন, বেদিতে বিষয়গুলি ছেড়ে দিন। ভাই, আপনাকে কিছু পরামর্শ দিতে দিন। যদি আপনি ঈশ্বরের সঙ্গে মুখোমুখি ভাবে সাক্ষাৎ না করে থাকেন, তাহলে আমাকে আপনাকে কিছু বলতে দিন। আপনি বেদির কাছে থাকুন। সেখানেই থাকুন যতক্ষণ না ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ হয়, তখন আপনি আঙুল দেখিয়ে বলতে পারবেন এই নববর্ষের রাত্রিটিকে। আর বলবেন না, "আমি একটি নতুন পৃষ্ঠা পাল্টিয়েছি, আমি একটা নতুন প্রতিজ্ঞা করেছি।" কিন্তু, "সেই সময় থেকে, যখন ঈশ্বরের সঙ্গে আমার সাক্ষাৎ হয়। আমার জীবনের পরিবর্তন হয়ে যায়, এবং সকল বিষয়ের পরিবর্তন হয়ে যায়। আর সকল বিষয় নতুন হয়ে যায়, আমার কাছে, পুনর্বার, সেই সময় থেকে," ঠিক সেই সময় থেকে যখন আপনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন।

97 এটি একটি নতুন বছরের সঙ্গে দেখা করা নয়। আমি মনে করি, কয়েক মিনিটের মধ্যেই, কিছু সময়ে, প্রায় আড়াই ঘন্টার মধ্যে, একটি নতুন বছরের সঙ্গে, আমরা মুখোমুখি হব। আমরা প্রতিজ্ঞার সঙ্গে প্রবেশ করব। আমরা অঙ্গীকারের সঙ্গে প্রবেশ করব। আমরা সৎ উদ্দেশ্য নিয়ে প্রবেশ করব। আমরা প্রবেশ করব, এই বলে, "আমরা একটি নতুন পৃষ্ঠা পাল্টানোর চেষ্টা করব, আমরা নতুন কিছু করার চেষ্টা করব।" এগুলি সবই ভালো। আমি এগুলির সমাদর করি।

98 কিন্তু ভাইয়েরা, এটি কখনোই অনন্ত হবে না যতক্ষণ না আপনি প্রথমে ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন। যখন আপনি প্রথমে ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেন, আর, সেই সময় থেকে, সকল বিষয়ের পরিবর্তন ঘটে যাবে।

আসুন আমরা আমাদের মাথা নিচু করে প্রার্থনা করি।

99 প্রভু যীশু, ঈশ্বরের পুত্র, আমি স্মরণ করি সেই সময়টিকে যখন আপনার সঙ্গে আমার সাক্ষাৎ হয়, ঈশ্বর। আমি স্মরণ করি, হতভাগ্য লোকটিকে, যিনি নৈতিক জীবনযাপন করছেন, চারপাশে না দৌড়িয়ে, মদ্যপান না করে, বা জুয়া না খেলে, বা ধুম্রপান না করে, এইভাবেই অনেক বিষয় ছেড়ে দিয়ে। কিন্তু আমি জানি, ঈশ্বর, যখন হাসপাতলে মৃত্যু চোরের ন্যায় প্রবেশ করে, প্রায় কুড়ি বছর আগে, যখন আমার জীবনে কিছু বিষয়ের ঘাটতি ছিল। সেখানে আমি ঈশ্বর সঙ্গে সাক্ষাৎ করি, আর সেই সময় থেকে। সেই সময় থেকে, ঈশ্বর, আমি আপনার সেবা করতে চেষ্টা করি। আমার জীবনের পরিবর্তন ঘটেছে এবং সকল বিষয়গুলি বদলে গিয়েছে।

আমি খুবই প্রফুল্লিত আপনার সঙ্গে সাক্ষাৎ করে, ঈশ্বর। আর আজ রাতে, এই নতুন বছরের সামনে দাঁড়িয়ে, আমি খুবই আনন্দিত এই বলতে যে আমার হৃদয়ে জীবিত ঈশ্বরের আত্মা নিয়ে আমি এর সম্মুখীন হতে পারবো।

100 আমাদের এই অভিজ্ঞতা দিন, ঈশ্বর। আমাদের আপনার ধার্মিকতা ও করুণা প্রদান করুন। আমাদের পাপের ক্ষমা করুন। আর এই নতুন বছর ধরে যেন আমরা জীবিত থাকতে পারি, হে প্রভু, এই অভিজ্ঞতা নিয়ে, যে আমরা আপনার সঙ্গে সাক্ষাৎ করেছি এবং আমাদের জীবনের পরিবর্তন হয়েছে। প্রভু, তা প্রদান করুন। আমাদের ভুল ত্রুটি ক্ষমা করুন। আপনার পবিত্র আত্মা আমাদের মধ্যে স্থাপন করুন। আমাদের পরিচালনা করুন এবং পথ প্রদর্শন করুন।

101 পিতা ঈশ্বর, ১৯৬০ খ্রিস্টাব্দ, আমার সামনে আছে। আর সেখানে সারা বিশ্বব্যাপী সভা করার সুযোগও রয়েছে, হাজারো হাজারো সংখ্যক অধার্মিক মানুষেরা, মূর্তি পূজকেরা, এইভাবে আরও অনেকে, আপনার কাছে আসতে পারে। হে ঈশ্বর, আমার হৃদয়ে আপনার আত্মার দ্বারা, আমি আপনার বেদির সম্মুখে আসি, আজ রাতে, আপনার সাক্ষাতে, আর প্রার্থনা করি, "হে ঈশ্বর, আমায় সাহায্য করুন। আমার হৃদয় প্রবল উদ্দীপনায় জ্বলছে। প্রভু, আমি আপনাকে ভালোবাসি। আমি নিজেকে আপনাকে প্রদান করি, আপনার সেবা কার্যে। আপনার যেখানে ইচ্ছা সেখানে আপনি আমাকে পরিচালনা করতে পারেন। আপনি যেখানে চান সেখানে আমাকে পাঠিয়ে দিতে পারেন, প্রভু। আপনি শুধু বলুন, আমি সেখানে যাব।"

102 আমার মন্ডলীকে আশীর্বাদ করুন। ভাই নেভিলকে আশীর্বাদ করুন। এখানে উপস্থিত সকল ব্যক্তিকে আশীর্বাদ করুন, অপরিচিত ব্যক্তিরা যারা দরজায় দাঁড়িয়ে আছেন। আর এই পালক ভাইরা যারা নিজেদের বক্তিতা রাখতে যাচ্ছেন, এক এক করে, এই সন্ধ্যার সময়, আমি প্রার্থনা করি, ঈশ্বর, আপনি তাদের সেবাকার্যকে আশীর্বাদ যুক্ত করুন। ভাই নেভিলকে আশীর্বাদ করুন। ভাই জুনি জ্যাকসনকে আশীর্বাদ করুন। ভাই বিলার, অন্য সকল সেবকদের, তাদেরকে আশীর্বাদ করুন, পিতা। ১৯৬০ খ্রিস্টাব্দ আমাদের জন্য এক মহান বছর হতে দিন।

103 আমরা, প্রভু, জানি যে আপনার সঙ্গে আমরা সাক্ষাৎ করেছি, মুখোমুখি ভাবে, আর আপনার আত্মায় পুনর্জীবনের মানেও জানি, আপনার অনন্তকালীন অনুগ্রহ আমাদের প্রদান করুন, যাতে আমরা

আপনার সেবা করতে পারি। যীশুর নামে আমরা প্রার্থনা করি। আমেন।

104 আপনারা কি তাকে ভালবাসেন? [মন্ডলী বলল, "আমেন।"—সম্পাদক] ১৯৬০, "আমি একটি নতুন পৃষ্ঠা পাল্টেছি" হতে দিবেন না। "আমি একটি নতুন জীবন শুরু করার চেষ্টা করব" হতে দিবেন না। কিন্তু হতে দিন, "আমি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছি, আর সেই সময় থেকে, সেই সময় থেকে, আমার কাছে শান্তি আছে যা বোধশক্তিকে অতিক্রম করে যায়। আমার কাছে আনন্দ আছে যা প্রকাশ করা অসম্ভব, এবং তার মহিমায় ভরপুর। আমি কাছে সন্তুষ্টি আছে। যদি মৃত্যু আমার কাছে আসে, আমার শেষ শ্বাস চলে যাওয়ার পর, আমি ঈশ্বরের বাহুর মধ্যে থাকবো। কি আসে বা কি যায় তাতে আমার কোন চিন্তা নেই!"

105 যদি তারা চায়, রবিবার রাতে, ধ্বংস করে দিতে দিন। তারা চায়, বোমা ফাটার আগেই আমরা মহিমায় ঈশ্বরের সঙ্গে থাকবো। আমেন। সেখানে কিছুই নেই যা আমাদের ক্ষতি করতে পারে। হালেলুইয়া!

106 আমি খুবই আনন্দিত যে আমি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছি। আমি খুবই আনন্দিত এবং আমি বলতে পারি, "সেই সময় থেকে।" ঠিক সেই জায়গাটিকে চিহ্নিত করে বলতে পারি! "যখন আমি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছি, আমার মধ্যে কিছু ঘটে গিয়েছে। আমি বদলে গিয়েছি, ঠিক সেই মিনিট থেকে। চিরকালের জন্য, আমি বদলে গিয়েছি।" আমি খুবই আনন্দিত এই পথে থাকার জন্য, আজ রাতে, ঈশ্বরের মহিমা ও শক্তির একজন সাক্ষী হিসাবে। এক সময় ঈশ্বর সেখানে নিচে নেমে এসে আমাকে তার অনুগ্রহ প্রদান করেন, আমাকে উদ্ধার করেন, আমাকে সুস্থ করেন, এবং তার পবিত্র আত্মার দ্বারা আমাকে পরিপূর্ণ করেন। আর তার সুসমাচার প্রচার করার অধিকার দেন, যা এই পৃথিবীতে সর্বাধিক সম্মানিত। সেই সময় থেকে, আজ পর্যন্ত, আমি একবারও অনুতপ্ত হইনি। কিন্তু আমি কৃতজ্ঞ, এই সকল দিনগুলির, আর আমি থাকবো, অনন্তকাল ধরে, যে আমি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছি।

ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন। ঠিক আছে, ভাই নেভিল।

আর সেই সময় থেকে BEN59-1231

(And From That Time)

এই বার্তাটি ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা বৃহস্পতিবার সন্ধ্যাবেলায়, ৩১ ডিসেম্বর, ১৯৫৯ খ্রিস্টাব্দে ব্রানহাম টেবারনেকাল জেফারসনভিলে, ইন্ডিয়ানা, ইউ. এস. এ তে প্রচার করা হয়েছিল। এই প্রচারটি, যার নম্বর ৫৯-১২৩১, চুয়ান্ন মিনিটের। এই মৌখিক বার্তাটি ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে মুদ্রিত পৃষ্ঠায় সঠিকভাবে স্থানান্তরের জন্য সকল প্রকারের যত্ন নেওয়া হয়েছে, এবং Voice Of God Recordings এর মাধ্যমে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করে বিতরণ করা হয়েছে।

BENGALI

©2020 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস
পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org